# ২০২৩
# বাংলা

(প্রোগ্রাম)

(জেনেরিক ইলেক্টিভ)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

ষষ্ঠ সেমেস্টার

কোর্স কোড : BENG-G-GE-T-2

(বাংলা নাটক পাঠ)

পূর্ণমান : ৬০ সময় : ২:৩০ ঘন্টা

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।*

*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।*

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) মন্মথ রায়ের ‘কারাগার’ নাটকটির প্রকাশকাল উল্লেখ করে প্রথম অভিনয়ের তারিখ উল্লেখ করো।

খ) ‘পাগলা ঘোড়া’ নাটকের চরিত্রগুলির নাম লেখো।

গ) ‘চাঁদ বণিকের পালা’ নাটকটি কোন্ পত্রিকায় কবে প্রকাশিত হয়?

ঘ) ‘কারাগার’ নাটকটি কোন্ আইনে কবে নিষিদ্ধ ঘোষণা করা হয়?

ঙ) ‘কারাগার’ নাটকে মথুরানগরীর নারায়ণ মন্দিরের তত্ত্বাবধায়ক কে ছিলেন? তিনি সম্পর্কে কংসের কে হন?

(পরের পাতায়)

চ) 'পাগলা ঘোড়া' কী জাতীয় নাটক? নাটককার বাদল সরকারের এ জাতীয় আরও দুটি নাটকের নাম লেখো।

ছ) "শ্মশানে রসালো গল্পই ভালো জমে।" — কথাটি কে বলেছিল? 'রসালো গল্প' বলতে বক্তা কী ধরনের গল্পকে বুঝিয়েছেন?

জ) 'চাঁদ বণিকের পালা' নাটকে তারাপতি কর্মকার কে ছিলেন?

ঝ) "এট্টা কন্যাকীর্তন লাগাও হে" — কথাটি কে কাকে বলেছিল? 'কন্যাকীর্তন'টির প্রথম পংক্তি উল্লেখ করো।

ঞ) কংস কখন দৈববাণী শুনেছিলেন? দৈববাণীটি কী ছিল?

ট) 'কারাগার' নাটকে কাজী নজরুল ইসলাম ছাড়া আর কে গান রচনা করেছিলেন?

ঠ) 'ইন্টারেস্টিং লাইফ' — কার লাইফ কেন ইন্টারেস্টিং ছিল?

ড) 'কারাগার' নাটকটি ক-টি অঙ্কে বিভক্ত? প্রথম অঙ্কের দৃশ্য সংখ্যা ক-টি?

ঢ) "সাতকড়ি ভয়ানক চমকে উঠল।" — কীসের জন্য সাতকড়ি চমকে উঠেছিল?

ণ) 'চাঁদ বণিকের পালা' নাটকের প্রথম গানটি কী ছিল? গানটি কে গেয়েছিল?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) "'কারাগার' নাটকে মন্মথ রায় যাদব বংশকে পরাধীন ভারতের মেরুদণ্ডহীন মানুষ রূপে চিত্রিত করেছেন" — সংক্ষেপে আলোচনা করো।



খ) 'চাঁদ বণিকের পালা' নাটকের সনকা চরিত্রটি সম্বন্ধে সংক্ষেপে আলোচনা করো।

গ) 'পাগলা ঘোড়া' নাটকের শ্রেণি বিচার করো।

ঘ) 'পাগলা ঘোড়া' নাটকে শ্মশানের পটভূমি রচনায় লেখকের কৃতিত্ব বিচার করো।

ঙ) 'চাঁদ বণিকের পালা' নাটকের লখিন্দর চরিত্র নির্মাণে নাটককারের মৌলিকতা দেখাও।

চ) "সাত বছর বসে থেকে তুমি সাতটি দিন সময় চেয়েছিলে। তাও পেলে না।" — প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বিশ্লেষণ করো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'পাগলা ঘোড়া' নাটকের নামকরণের সার্থকতা বুঝিয়ে দাও।

খ) "'চাঁদ বণিকের পালা'য় চাঁদ সদাগর সত্যনিষ্ঠতার প্রতীক" — এই মন্তব্যের আলোকে চাঁদ সদাগর চরিত্রটি বিশ্লেষণ করো।

গ) 'কারাগার' নাটকে সংগীতের ব্যবহার শুধু বিনোদনের জন্য না, নাটকের প্রয়োজনে ব্যবহৃত হয়েছে — বুঝিয়ে দাও।

ঘ) 'চাঁদ বণিকের পালা' নাটকের বিশিষ্ট ভাষা ব্যবহারের সার্থকতা বিচার করো।

------------